

তেজগাওয়ে ছাত্র-পুলিশ সংঘর্ষ 'পাঁচশ' শিক্ষার্থীর নামে মামলা

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর তেজগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্র ও পুলিশের মধ্যে সংঘর্ষের ঘটনায় অজ্ঞাত ৪/৫শ' ছাত্রের বিরুদ্ধে ২টি মামলা দায়ের করা হয়েছে। তেজগাঁও শিল্পাঞ্চল থানায় একজন এসআই বাদি হয়ে জরুরি বিধিমালা ভঙ্গ, পুলিশের কাজে বাধা এবং পুলিশের ওপর হামলার অভিযোগ এনে এ মামলা দায়ের করেন। পুলিশ গতকাল রোববার থেকে মামলা তদন্ত শুরু করেছে।

পুলিশ জানায়, গত শুক্রবার রাতে পলিটেকনিক ইনস্টিটিউটের সামনের রাস্তায় স্মার্টফোন সড়ক দুর্ঘটনায় একজন ছাত্রের মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে ইনস্টিটিউটের শত শত ছাত্র শুক্রবার রাতে ও শনিবার সকালে রাস্তা অবরোধ, গাড়ি ভাঙচুর ও পুলিশকে মারধর এবং ইটপাথর নিক্ষেপ করে। আন্দোলনকারী ছাত্ররা কয়েকটি গাড়ি ভাঙচুর করেছে। পরে পুলিশ লাঠিচার্জ, টিয়ারগ্যাস সেল ও রাবার বুলেট ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় ইনস্টিটিউট কর্তৃপক্ষ অনিদিষ্টকালের মামলা : পৃষ্ঠা : ২ ক :

মামলা : 'পাঁচশ' শিক্ষার্থীর

(১ম পৃষ্ঠার পর)

জন্য পলিটেকনিক ইনস্টিটিউট বন্ধ ঘোষণা ও ছাত্রদের হল ভাঙের নির্দেশ দেন। ছাত্ররা শনিবার বিকেলে হল ছেড়ে চলে যায়। শনিবার গভীররাতে তেজগাঁও থানার একজন এসআই শেখ মতিয়ার বাদি হয়ে শিল্পাঞ্চল থানায় পৃথক ২টি মামলা দায়ের করেন। জরুরি বিধিমালা ভঙ্গ ও পুলিশের কাজে বাধাসহ বিভিন্ন অভিযোগ এনে এ মামলা দায়ের করেন।

শিল্পাঞ্চল থানার ওসি জানান, ২টি মামলায় আসামি অজ্ঞাত পরিচয়ের ৪/৫শ' ছাত্র। পুলিশ ২টি মামলা তদন্ত শুরু করেছে। গতকাল রোববার পলিটেকনিক ইনস্টিটিউট ও আশপাশ এলাকায় পরিস্থিতি শান্ত ছিল।